## উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের ১৩/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা মোতাবেক ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের (৩০-১২-২০২০) সিদ্ধান্ত অনুসারে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের ২০২৩-২০২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক সভা ১৩/১১/২০২৩ তারিখ সোমবার বিকাল ৩:০০টায় সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস), ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিচালক মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের আহ্বায়ক ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের সদস্য অধ্যাপক ড. সাহাদাত হোসেন সিদ্দিকী, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, জনাব মো. রাশেদুর রহমান, সহযোগী অধ্যাপক, অর্গানাইজেশন স্ট্র্যাটেজি অ্যান্ড লিডারশিপ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ড. মো. মিজানুর রহমান, সহযোগী অধ্যাপক, অণুজীব বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, জনাব রাজিব মাহমুদ সামিম পারভেজ, ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৩), ঢাকা বিশ্ববিদ্যালয়, বিকল্প সদস্য-সচিব জনাব ইমাম হাসান রাজা, সিনিয়র সিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সদস্য-সচিব জনাব মো. বদরুল আহছান, উপ পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ঢাকা বিশ্ববিদ্যালয় উপস্থিত ছিলেন।

২. আলোচনা:

২.১. সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২.২. মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) মহোদয়ের সাথে ও উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের ১৭/১০/২০২৩ তারিখের অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি সম্পর্কে সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন।

২.৩. বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বিবরণী (Annual Report) প্রস্তুতের জন্য ম্যানুয়েলি ডাটা সংগ্রহের পরিবর্তে অনলাইনে ডাটা সংগ্রহের উদ্দেশ্যে Annual Performance Agreement (APA)-এর ব্যবহৃত ওয়েব অ্যাপ্লিকেশনটি আপগ্রেড করার জন্য উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের আহ্বায়কের পরামর্শ



CamScanner

মোতাবেক মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) মহোদয় আইসিটি সেলের পরিচালককে আহব্বায়ক করে একটি কমিটি গঠিন করেছেন মর্মে সভাকে অবহিত করেন।

২.৪. ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট দফতরসমূহের প্রতিনিধির সাথে সভার আয়োজন এবং ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) অনুষ্ঠান মার্চের ১ম (প্রথম) সপ্তাহে আয়োজনের বিষয়ে রেজিস্ট্রার মহোদয়কে চিঠি প্রদান করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

২.৫. প্রশাসনিক ভবনে কেওস (Kisok) স্থাপনের কাজ বর্তমান অর্থবছরে (২০২৩-২৪) সম্পন্ন করার উদ্দেশ্যে কারিগরী ও অর্থ সংক্রান্ত প্রস্তাবনা তৈরির জন্য কোটেশন সংগ্রহ করা হয়েছে।

২.৬. বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের প্রবেশমুখে সিটিজেন চার্টার প্রদর্শনের উদ্দেশ্যে সেবা সংশ্লিষ্ট অফিস, কক্ষ ও আনুষঙ্গিক তথ্যের সংক্ষিপ্ত রূপ, কক্ষ নম্বর সম্বলিত ম্যাপ প্রস্তাবিত কাঠের বোর্ডের পরিবর্তে ডিজিটাল ডিসপ্লে-এর মাধ্যমে প্রদর্শন বর্তমান অর্থবছরের মধ্যে বাস্তবায়নের জন্য প্রধান প্রকৌশলী মহোদয়কে ইতোমধ্যে চিঠি প্রদান করা হয়েছে।

২.৭. বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পরিবহনসমূহে vehicle tracking system (VTS) চালু করা এবং DU Apps/Dashboard এর সাথে ইন্ট্রিগেশন করার উদ্দেশ্যে ইনোভেশন টিমের সদস্য জনাব ইমাম হাসান রাজা, সিনিয়র সিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর, আইসিটি সেল ইতোমধ্যে একটি প্রস্তাবনা তৈরি করেছেন। এছাড়া, পরীক্ষামূলকভাবে চালু হওয়া VTS বিশ্ববিদ্যালয়ের একটি বাসে vehicle tracking service চালু করা হয়েছে। পরীক্ষামূলকভাবে সফল হলে DU Apps/Dashboard এর সাথে ইন্ট্রিগেশন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করা হয়।

২.৮. এপিএ সফটওয়্যারে বিশ্ববিদ্যালয়ের রিসার্চ সেন্টারসমূহ এবং আবাসিক হল ও হোস্টেলসমূহকে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তা উল্লেখ করেন।

২.৯. বিশ্ববিদ্যালয়ের Application Form for the International Publication Grant সংক্রান্ত সকল কার্যক্রম আইসিটি সেল-এর মাধ্যমে অনলাইনভিত্তিক করা যেতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়।



CamScanner

২.১০. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে একটি ধারণাপত্র মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয় সমীপ উপস্থাপনের জন্য গঠিত কমিটিকে সভাপতি মহোদয় অনুরোধ করেন।

২.১১. পরীক্ষামূলকভাবে একটি ক্লাশকক্ষে bio-metric student present-এর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এই বিষয়টি নিয়ে কলা অনুষদের সম্মানিত ডিন মহোদয় কলা ভবনে বিষয়টি চালু করার উদ্যোগ গ্রহণ করেছেন মর্মে সভাকে সভাপতি মহোদয় অবহিত করেন।

২.১২. Logo protection, Copy right, Intellectual property protection এর বিষয়ে দ্রুত নীতিমালা প্রণয়ন প্রয়োজন ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

২.১৩. মার্চ, ২০২৪ এর ১ম সপ্তাহে অনুষ্ঠিতব্য ইনোভেশন মেলা/শোকেসিং-এর বিষয়ে সংশ্লিষ্ট উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিম সম্মিলিতভাবে সংশ্লিষ্ট দফতরসমূহের সাথে কাজ করবে মর্মে আলোচনা হয়।

২.১৪. পরীক্ষার খাতা সম্মানিত পরীক্ষকদের কাছে প্রেরণ, সেখান থেকে নম্বরপত্র গ্রহণ, নির্দিষ্ট সময়ে নম্বরপত্র না পেলে তাগাদা পত্র প্রেরণ ইত্যাদি বিষয় স্বয়ংক্রিয় করার প্রয়োজনীয়তার বিষয় আলোচনা করা হয়।

৩. সুপারিশ :

৩.১. গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করার সুপারিশ গৃহীত হয়।

৩.২. এপিএ সফ্‌টওয়্যারে বিশ্ববিদ্যালয়ের রিসার্চ সেন্টারসমূহ এবং আবাসিক হল ও হোস্টেলসমূহকে অন্তর্ভুক্ত করার সুপারিশ গৃহীত হয়। এতদবিষয়ে রেজিস্ট্রার মহোদয়ের সংশ্লিষ্ট দফতরকে যথাযথ পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে পত্র দেয়ার সুপারিশ গৃহীত হয়।

৩.৩. বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বিবরণী (Annual Report) প্রস্তুতের জন্য ম্যানুয়েলি ডাটা সংগ্রহের পরিবর্তে অনলাইনে ডাটা সংগ্রহের উদ্দেশ্যে Annual Performance Agreement (APA)-এ ব্যবহৃত ওয়েব অ্যাপ্লিকেশনটি আপগ্রেড করার জন্য গঠিত কমিটির আহ্বায়ককে পত্র প্রেরণ করা হোক।



CamScanner

৩.৪. বিশ্ববিদ্যালয়ের Application Form for the International Publication Grant সংক্রান্ত সকল কার্যক্রম আইসিটি সেল-এর মাধ্যমে অনলাইনভিত্তিক করা জন্য আইসিটি সেল-এর পরিচালক মহোদয়কে চিঠি প্রদানের সুপারিশ গৃহীত হয়।

৩.৫. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে একটি ধারণাপত্র আগামী ১৫ (পনেরো) দিনের মধ্যে মাননীয় ভাইস চ্যান্সেলর মহোদয় সমীপে উপস্থাপনের জন্য গঠিত কমিটিকে অনুরোধ করা হয়।

৩.৬. কলা অনুষদের সম্মানিত ডিন মহোদয় কর্তৃক কলা ভবনে পরীক্ষামূলকভাবে একটি শ্রেণীকক্ষে bio-metric student present ব্যবস্থা চালু করার বিষয়ে ইনোভেশন টিমের আহ্বায়ক মহোদয় প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

৩.৭. Logo protection, Copy right, Intellectual property protection এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রেজিস্ট্রার মহোদয়কে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

৩.৮. পরীক্ষার খাতা সম্মানিত পরীক্ষকদের কাছে প্রেরণ, সেখান থেকে নম্বরপত্র গ্রহণ, নির্দিষ্ট সময়ে নম্বরপত্র না পেলে তাগাদা পত্র প্রেরণ ইত্যাদি বিষয় স্বয়ংক্রিয় করার বিষয়ে ব্যবস্থা নেওয়া হোক।

পরিশেষে, আর কোন বিষয় না থাকায় কমিটির আহ্বায়ক ও সভার সভাপতি ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

I. M. Syed

ড. ইসতিয়াক এম সৈয়দ
অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, এবং
আহ্বায়ক, উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিম
ঢাকা বিশ্ববিদ্যালয়।



CamScanner